গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৬৩(অংশ-১)/২০১০/ ৯৭০৯ তারিখঃ ২০/০৮/২০১৬ইং

প্রতি,

অতিরিক্ত প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
................................. বিভাগ।

বিষয়ঃ **ই-জিপি পদ্ধতিতে রাজস্ব বাজেটের আওতাধীন কাজের চুক্তি অনুমোদন/সম্পাদনের ক্ষেত্রে এলজিইডি'র বিভাগীয় পর্যায়ের অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণকে HOPE কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা (AO) হিসাবে ভূমিকা পালন প্রসংগে।**

সূত্রঃ ৪৬.০৬৭.০০৫.০০.০০.০২১.২০১৪(অংশ-১)/৯২২ তারিখঃ ০২/১১/২০১৫ইং।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রাজস্ব বাজেটের আওতায় পূর্ত/রক্ষণাবেক্ষণ কাজের দরপত্র ই-জিপি পদ্ধতিতে প্রক্রিয়াকরণের প্রেক্ষিতে উক্ত কাজের চুক্তি অনুমোদন/সম্পাদনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সূত্রস্থ স্মারকে জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পণ ও পুনঃঅর্পণ সংক্রান্ত আদেশ অনুসারে নিম্নবর্ণিত বিষয়সমূহের প্রতি লক্ষ্য রেখে অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণকে দায়িত্ব পালনের অনুরোধ করা হলোঃ

১। ই-জিপি পদ্ধতিতে প্রযোজ্য ক্ষেত্রে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বিভাগ) দরপত্র প্রক্রিয়াকরণে অনুমোদনকারী কর্তৃপক্ষ (AA) হিসাবে সিদ্ধান্ত প্রদান করবেন বিধায় ইতোমধ্যে এলজিইডি'র বিভাগীয় পর্যায়ের ৭ জন অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে ই-জিপি পদ্ধতির ব্যবহারকারী (Govt. User) হিসাবে অন্তর্ভূক্ত করা হয়েছে। অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ HOPE কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা (AO) এর ভূমিকায় ই-জিপি সিস্টেমে তার আর্থিক ক্ষমতানুযায়ী দায়িত্ব পালন করবেন। সিস্টেমে প্রবেশের জন্য বিভাগীয় পর্যায়ের সকল অতিরিক্ত প্রধান প্রকৌশলী'র প্রাথমিক Password সহ User ID প্রস্তুত করা হয়েছে। এতদসংযুক্ত তালিকা (সংযুক্তি-১) অনুযায়ী ৭ জন অতিরিক্ত প্রধান প্রকৌশলী'র User ID প্রেরণ করা হলো। প্রাথমিক Password সংশ্লিষ্টদের অফিসিয়াল e-mail এর মাধ্যমে জানানো হবে।

২। দরপত্র মূল্য প্রাক্কলিত মূল্যের মধ্যে সীমাবদ্ধ থাকা সাপেক্ষে রাজস্ব বাজেটের আওতায় ১.০০ কোটি টাকা পর্যন্ত নতুন পূর্ত/রক্ষণাবেক্ষণ কাজের ক্ষেত্রে ই-জিপি পদ্ধতির মাধ্যমে আহ্বানকৃত দরপত্রের প্রেরীত দরপত্র মূল্যায়ন প্রতিবেদন অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ পিপিআর, ২০০৮ এর বিধি-১১ অনুযায়ী ই-জিপি পদ্ধতিতে অনলাইনে সিদ্ধান্ত প্রদানপূর্বক নিষ্পত্তি করবেন।

৩। পিপিআর, ২০০৮ এর তফসিল-৩ অনুযায়ী অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ মূল্যায়ন কমিটির সুপারিশ সম্পর্কে ৭ দিনের মধ্যে সিদ্ধান্ত প্রদান করবেন।

৪। ই-জিপি পদ্ধতিতে কাজ করার জন্য সর্বক্ষেত্রেই বাংলাদেশের জাতীয় ইলেক্ট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট পোর্টাল (www.eprocure.gov.bd) সাইটে User ID এবং Password দিয়ে Login করতে হবে।

৫। সংশ্লিষ্ট সকলেই স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ই-জিপি কার্যক্রমে নিজ নিজ Password এর গোপনীয়তা রক্ষা করে দায়িত্ব ও কার্যাদি সম্পাদন করবেন। এ পরিপ্রেক্ষিতে সদর দপ্তর হতে প্রাথমিক Password প্রাপ্তির পর গোপনীয়তা রক্ষার্থে অবশ্যই তা পরিবর্তন করে নিতে হবে।

৬। বদলীর ক্ষেত্রে দায়িত্ব অর্পনকারী কর্মকর্তা শুধুমাত্র দায়িত্ব গ্রহণকারী কর্মকর্তার নিকট Password হস্তান্তর করবেন ও দায়িত্ব গ্রহণকারী কর্মকর্তা অনতিবিলম্বে ই-জিপি সিস্টেমে প্রবেশ করে ব্যক্তিগত তথ্যসমূহ পরিবর্তনের ব্যবস্থা গ্রহণপূর্বক Password পরিবর্তন করে পরবর্তী কার্যক্রমে অগ্রসর হবেন।

৭। ই-জিপি পদ্ধতিতে দায়িত্ব পালনকালে যে কোন ধরনের সহযোগিতার প্রয়োজন হলে এলজিইডি'র প্রকিউরমেন্ট ইউনিট (xen.procurement@lged.gov.bd) এর সাথে যোগাযোগ করতে হবে।

(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, ............................অঞ্চল, জেলাঃ ....................................।
৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ ..............................................।
৫। জনাব ..............................................................., সদস্য, e-GP/PROMIS Cell।

D:\e-GP Letter\e-GP Committee Letter\e-GP Letter (Proposed -Instruction 04-08-16).doc